# এসএসসি পরীক্ষা ২০২০এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** ঢাকা জেলার মধ্যযুগের ইতিহাস অনুসন্ধান করতে গিয়ে অধ্যাপক মিজানুর রহমান সে যুগের সাহিত্য, নথিপত্র, বিভিন্ন মানুষের জীবনী, মূর্তি, স্মৃতিস্তম্ভ, মুদ্রা, লিপি, ইমারত প্রভৃতির ওপর স্টাডি এবং বিভিন্ন রকম তথ্য সংগ্রহ করেন। স্থানীয় জনশ্রুতির সঙ্গে এসব তথ্য মিলিয়েও যাচাই-বাছাই করে তিনি ঢাকা জেলার অনেক অজানা তথ্য আবিষ্কার করেন।

ক. ইতিহাসের জনক কে? ১

খ. ইতিহাসের বিষয়বস্তু ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অধ্যাপক মিজানুর রহমান ইতিহাস অনুসন্ধান করতে গিয়ে যেসব জিনিস স্টাডি করেছেন, সেগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মিজানুর রহমান যেভাবে ঢাকা জেলার বহু অজানা তথ্য আবিষ্কার করেছেন বাস্তব জীবনে এ ধরনের কাজের প্রয়োজনীয়তা কতটুকু? মতামত দাও। ৪

**২.▶** জামান একটি স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের এম. এ ক্লাসের ছাত্র। তিনি গ্রামীণ অর্থনীতির উপর মাঠকর্মীর কাজ করতে গিয়ে নদীর তীরে অবস্থিত একটি গ্রামে যান। সেখানে গিয়ে তিনি লক্ষ করেন, অধিকাংশ মানুষ কৃষি কাজ নিয়ে ব্যস্ত। মাঠের মাঝে মাঝে ত্রিকোণাকার পাথরের স্থাপনা তার চোখে পড়ে। কৃষকদের সাথে তাদের আয়-রোজগার নিয়ে কথা বলতে গিয়ে দেখেন, তারা তাদের ফসলের যাবতীয় হিসাব একটি খাতায় যোগ-বিয়োগ করে রেখেছে।

ক. নোম কী? ১

খ. কোন নগরীকে 'সাতটি পর্বতের নগরী' বলা হয় এবং কেন? ২

গ. উদ্দীপকে জামান যে গ্রামে গিয়েছিলেন সেই গ্রামবাসীর জীবনযাপনের সাথে প্রাচীন কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ত্রিকোণাকার পাথরের স্থাপনা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৩.▶** শ্রেণিকক্ষে আশরাফ স্যার জনপদ বিষয়টি পড়ানো শেষে একটি জনপদ সম্পর্কে শিক্ষার্থীদের কাছে জানতে চাইলেন যে, সমুদ্র উপকূলবর্তী এলাকা, এটি খুব নিচু ও

https://teachingbd24.com

আর্দ্র। নৌ চলাচলের জন্য জায়গাটি ছিল খুব উত্তম। প্রাচীনকালে এটি গুরুত্বপূর্ণ নৌ বাণিজ্যের কেন্দ্র হিসেবে পরিচিত ছিল। এটি কোন জনপদ?

ক. চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী? ১

খ. প্রাচীন জনপদগুলোর পরিচয় জানা প্রয়োজন কেন? ২

গ. আশরাফ স্যারের বর্ণনার সাথে প্রাচীন যুগের কোন জনপদের মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত জনপদের কোন দিকটি তোমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

৪.▶ মেহরান তার বন্ধুর বিয়েতে বরযাত্রী হয়ে ঘোড়ার গাড়িতে চড়ে সেনাকুঞ্জে যায়। কনেও পালকিতে চড়ে বিয়ের মঞ্চে প্রবেশ করে। এক বন্ধু এটি প্রত্যক্ষ করে বলল- একসময় এদেশে নাকি এগুলোই প্রধান বাহন হিসেবে পরিচিত ছিল।

ক. ব্রহ্মদেশ বর্তমানে কোন দেশ ? ১

খ. বাংলায় মধ্যযুগের সূচনা হয়েছে কীভাবে? ২

গ. মেহরানের বন্ধুর বিয়ের বাহনের সাথে কোন যুগের মিল পাও? বর্ণনা কর। ৩

ঘ. আধুনিককালের জীবনযাত্রা ও উক্ত যুগের জীবনযাত্রার মধ্যে তুমি কতটুকু পার্থক্য দেখতে পাও? মতামত দাও। ৪

৫.▶ রিপন সহপাঠিদের সাথে শিক্ষা সফরে সোনারগাঁ যায়। সেখানে গিয়ে সে প্রাচীন ও মধ্যযুগের বাংলার শাসকদের রাজধানী দেখতে পায়। সে জানতে পারে, মধ্যযুগে একজন রাজ কর্মচারী তার প্রভুর মৃত্যুর পর স্বাধীনতা ঘোষণা করে সোনারগাঁ-এর সিংহাসনে বসেন। কিন্তু তিনি সমগ্র বাংলার ওপর আধিপত্য বিস্তার করতে সক্ষম হন নি।

ক. বাংলায় শেষ আফগান শাসক কে ছিলেন? ১

খ. মুসা খান কেন মুঘলদের নিকট আত্মসমর্পণে বাধ্য হন? ২

গ. উদ্দীপকে বর্ণিত রাজকর্মচারী বলতে মধ্যযুগের কোন শাসককে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষ বাক্যটির পক্ষে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৬.▶ বিশিষ্ট শিক্ষাবিদ আবেদিন সরকার মনে করেন, একসময় বাংলার ধর্মান্তরিত মুসলমানগণ আরবি ও ফার্সি ভাষার সঙ্গে পরিচিত ছিল না। ইসলাম ধর্মের সংগে তাদের পরিচয় ঘনিষ্ঠতর করার জন্য শিক্ষিত মুসলমানগণ বাংলা ভাষায় বই পুস্তক রচনার প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন। এ ধরনের একটি সময়েই বাঙালি মুসলমান কবি শাহ মুহম্মদ সগীর তার প্রণয়মূলক কাব্য 'ইউছুফ-জোলেখা' রচনা করেন।

ক. ঢাকার বড় কাটরা কে নির্মাণ করেন? ১

খ. 'বাংলার নবাবদের সময়েও বহু ইমারত নির্মিত হয়'- ব্যাখ্যা কর। ২

https://teachingbd24.com

গ. শিক্ষাবিদ আবেদিন সরকারের বক্তব্যে বাংলার যে'সময়ের ভাষা ও সাহিত্যের আলোচনা ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উক্ত সময়ে মুসলমানরা শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল— বিশ্লেষণ কর। ৪

৭.▶ সীমান্তনগর অঞ্চলের মানুষ শিক্ষা দীক্ষায় যেমন পিছিয়ে তেমনি নানা কুসংস্কারে আচ্ছন্ন। ধর্মীয় রীতি-নীতি পালনের পাশাপাশি অনেক অধর্মাচারণও করে। এসব দেখে ব্যথিত হয়ে তাদেরকে সঠিক পথ নির্দেশ দেবার প্রয়োজন অনুভব করেন অনেকে। কিন্তু প্রয়োজনীয় পদক্ষেপ কেউ নেন না। অবশেষে সেই অঞ্চলের তরুণ স্কুল শিক্ষক মাহফুজ এগিয়ে এলেন। তিনি জনগণকে বোঝাতে সক্ষম হলেন যে, তাদের কেউ অসুস্থ হলে ঝাড়ফুক না করিয়ে ডাক্তারের কাছে যাওয়া উচিত। ধর্মীয় বিধি-বিধান সঠিক ভাবে পালন করা কর্তব্য। এতে অনেকেই পরিবর্তিত হল।

ক. 'দ্য স্পিরিট অব ইসলাম' বইটির লেখক কে? ১

খ. বারাসাতের কৃষক আন্দোলনের পরিসমাপ্তি ঘটে কীভাবে? ২

গ. উদ্দীপকে মাহফুজের কর্মকাণ্ডে কোন সংস্কারকের প্রভাব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধর্মীয় সংস্কার ছাড়া অন্য কোনো ক্ষেত্রে উক্ত সংস্কারকের অবদান আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৮.▶ জনাব সাখাওয়াত হোসেন একটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। তার ইউনিয়ন পরিষদের প্রধান দুটি সম্প্রদায়ের মধ্যে নানা বিষয়ে বিরোধ লেগে থাকে। 'ক' সম্প্রদায়ের লোকজন প্রাধান্য বিস্তার করায় 'খ' সম্প্রদায়ের নেতারা অধিকারের জন্য আন্দোলন করে। জনাব সাখাওয়াত হোসেন তাদের দুটি সম্প্রদায়ের জন্য বিভিন্ন কাজের কোটা নির্ধারণ করে দিয়ে দুই সম্প্রদায়ের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর করেন।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১

খ. বয়কট আন্দোলন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব সাখাওয়াত হোসেন ব্রিটিশ ভারতের কোন চুক্তির অভিজ্ঞতা কাজে লাগিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'খ' সম্প্রদায়ের মতো উক্ত চুক্তি মুসলমান স্বার্থ সংরক্ষণ করেছিল— তোমার মতামত দাও। ৪

৯.▶ নানা রকমের অমিল থাকা সত্ত্বেও শুধুমাত্র ধর্মের মিলের উপর ভিত্তি করে 'ক' ও 'খ' প্রদেশ নিয়ে গড়ে উঠে একটি রাষ্ট্র। অল্প সময়ের ব্যবধানেই 'ক' প্রদেশের জনগণ নানা বৈষম্যের শিকার হয়। এমতাবস্থায় 'ক' প্রদেশের একজন উদ্যমী নেতা নিজের দেশ ও জনগণকে রক্ষার জন্য এক পন্থা উদ্ভাবন করেন। তিনি কিছু দাবি উত্থাপন করেন শাসক গোষ্ঠির সামনে। নিজেদের স্বার্থ ক্ষুণ্ন হওয়ার ভয়ে শাসক গোষ্ঠী উক্ত দাবি

https://teachingbd24.com

প্রত্যাখ্যান করেন। কিন্তু 'ক' প্রদেশের জনগণ উক্ত দাবিকে 'আমাদের বাঁচার দাবি' বলে আখ্যায়িত করে এর পক্ষে আন্দোলন শুরু করে।

ক. ড. শামসুজ্জোহা কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন? ১

খ. মৌলিক গণতন্ত্রের কাঠামো কয় স্তর বিশিষ্ট ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দাবি পাকিস্তানি শাসনামলে উত্থাপিত কোন দাবির সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দাবিই বাংলাদেশের স্বাধিকার আন্দোলনের ক্ষেত্র প্রস্তুত করেছিল- উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০.▶ 'ফিরে দেখা ৭১' পত্রিকায় মিশু রহমান পিয়াল তার এক প্রবন্ধে 'বুদ্ধিজীবী হত্যার রাজাকার আল বদর'-এ লিখেছেন, "আল বদর ছিল ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ পাকিস্তান সেনাবাহিনীর সহযোগী বহিনী। রাজাকারদের সঙ্গে আল বদরদের খানিকটা তফাত ছিল। রাজাকারা সামগ্রিকভাবে মুক্তিযোদ্ধাদের বিরোধিতা করেছে, সংঘর্ষ হলে খুন করেছে, লুটপাট ও ধর্ষণ করেছে। অনেকে যুদ্ধকালীন দুরবস্থার কারণে বাধ্য হয়েও রাজাকার হয়েছে কিন্তু আল বদরের লক্ষ্য ছিল অভিন্ন। তারা ছিল হিংস্র ও নিষ্ঠুর। তারা বাঙালি বুদ্ধিজীবীদের সম্পূর্ণ নিঃশেষ করে দিতে চেয়েছে।"

ক. মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনী 'যৌথ কমান্ড' গঠন করেছিল কবে? ১

খ. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে জাতিসংঘের ভূমিকা কীরূপ ছিল? ২

গ. মিশু রহমানের বক্তব্যের আলোকে স্বাধীনতাবিরোধীদের অপতৎপরতা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, মুষ্টিমেয় কিছু লোক স্বাধীনতাবিরোধী হলেও অধিকাংশ মানুষ মুক্তিযুদ্ধে সংগ্রাম করছিল? তোমার মতামত দাও। ৪

১১.▶ বিভিন্ন রাজনৈতিক দল বিভিন্নভাবে দেশের স্বৈরাচারী শাসন বিরোধী আন্দোলন করতে থাকে বহুদিন যাবৎ। একসময় সব রাজনৈতিক দলের নেতা উপলব্ধি করলেন, অভিন্ন কর্মসূচি ছাড়া এই আন্দোলন সফল হবে না। সারওয়ার এই আন্দোলনের একজন ছাত্রনেতা ছিলেন। ২২টি ছাত্র সংগঠনের 'সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ' তৎকালীন শাসকের আতংক হয়ে দাড়িয়েছিল।

ক. স্বাধীনতার পর প্রথমবারের মত জনগণের প্রত্যক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচন হয় কবে? ১

খ. 'পঞ্চম সংশোধনী আইন ১৯৭৫'-এর মূল বিষয়বস্তু কী ছিল? ২

গ. উদ্দীপকের সারওয়ারের আন্দোলনে পাঠ্যপুস্তকের যে আন্দোলনের প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. অনুরূপ একটি আন্দোলনের মাধ্যমেই এরশাদ সরকারের পতন হয়েছিল— মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ইতিহাসের ছাত্র সোহেল পুরোনো জমিদার বাড়িতে পাওয়া একটি পাথর বেশ চড়া দামে কিনে নিজের সংগ্রহে রেখে দিলেন। এটি ইতিহাসের কোন উপাদানের অন্তর্ভুক্ত?

ক লিখিত    খ কল্পকাহিনি
গ অলিখিত    ঘ মৌখিক

২. পূর্ণাঙ্গ ও বিস্তারিত ইতিহাস রচনার জন্য কোনটি প্রযোজ্য?

ক লিখিত উপাদান
খ লিখিত ও অলিখিত উপাদান
গ প্রত্নতাত্ত্বিক উপাদান
ঘ কিংবদন্তি

৩. প্রাচীন পৃথিবীতে প্রথম গণতন্ত্রের সূচনা হয় কোথায়?

ক রোমে    খ মিশরে
গ এথেন্সে    ঘ মেসোপটেমিয়ায়

৪. রোমান সভ্যতা কত বছর স্থায়ী হয়েছিল?

ক প্রায় ছয়শত বছর    খ প্রায় সাতশত বছর
গ প্রায় পাঁচশত বছর    ঘ প্রায় আটশত বছর

৫. বর্তমান বাংলাদেশের কোন জেলায় সমতটের অবস্থান?

ক রাজশাহী    খ কুমিল্লা
গ বরিশাল    ঘ খুলনা

৬. বগুড়া, দিনাজপুর ও রাজশাহী অঞ্চলের ক্ষেত্রে কোন রূপটি অধিক গ্রহণযোগ্য?

ক হরিকেল জনপদ    খ সমতট জনপদ
গ চন্দ্রদ্বীপ জনপদ    ঘ বরেন্দ্র জনপদ

৭. মৌর্য সাম্রাজ্যের পতনের পর যেসব বৈদেশিক শক্তি ভারতবর্ষ আক্রমণ করে—

i. কুষাণ
ii. শক
iii. পহ্লব

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৮. শশাংক—

i. শৈব ধর্মের উপাসক ছিলেন
ii. কামরূপের রাজাকে পরাজিত করেন
iii. মালবরাজ দেবগুপ্তের সাথে বন্ধুত্ব স্থাপন করেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৯. প্রাচীনকাল থেকে বিশ্বখ্যাত কোন কাপড় বাংলায় তৈরি হতো?

ক রেয়ন    খ রেশমি
গ মসলিন    ঘ পশমি

১০. ডোম্মনপালের তাম্রশাসন কোথায় পাওয়া যায়?

ক হরিপুরে    খ সুন্দরবনে
গ পাহাড়পুরে    ঘ বগুড়ায়

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

সশস্ত্রবাহিনী দিবসে বাংলাদেশ নৌবাহিনীর অত্যাধুনিক কয়েকটি জাহাজ ঘুরে দেখে সামিয়া এবং তা দেখে মধ্যযুগীয় এক খলজি শাসকের কথা তার মনে পড়ে।

১১. সামিয়ার কোন খলজি শাসকের কথা মনে পড়ে?

ক বখতিয়ার খলজি
খ গিয়াসউদ্দিন ইওজ খলজি
গ আলীমর্দান খলজি
ঘ শিরন খলজি

১২. উক্ত শাসকের নীতি ছিল—

i. রাজ্য সম্প্রসারণ
ii. রাজ্যের নিরাপত্তা রক্ষা
iii. ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ ii ও iii
গ i ও iii    ঘ i, ii ও iii

১৩. মধ্যযুগে নদীপথে বাণিজ্য প্রথা প্রসার লাভ করেছিল, কারণ—

i. যাতায়াত সহজতর ছিল
ii. খরচ কম হতো
iii. বাংলাদেশ নদীমাতৃক দেশ ছিল বলে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৪. 'হোসেনী দালান' কত খ্রিষ্টাব্দে নির্মিত হয়?

ক ১৬৭৬    খ ১৬৭৫
গ ১৬৭৪    ঘ ১৬৭৩

Teachingbd24.com

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

কিবরিয়া সাহেব মাত্র দুই হাজার টাকার বিনিময়ে পলাশপুর, নগরবাড়ী ও চৌধুরী বাজার নামক তিনটি গ্রামের জমিদারি লাভ করেন। পরবর্তীতে এই তিনটি গ্রামকে কেন্দ্র করে তিনি পলাশপুর নগরীর গোড়াপত্তন হয়।

১৫. অনুচ্ছেদের পলাশপুর নগরী গড়ে ওঠার সাথে তোমার পঠিত কোন নগরীর সংগতি সাদৃশ্যপূর্ণ?
ⓚ বোম্বে ⓚ কলকাতা
ⓖ ঢাকা ⓖ মাদ্রাজ

১৬. উক্ত নগরী গড়ে ওঠার ফলে এটি ইংরেজদের—
i. বাণিজ্যিক স্বার্থরক্ষার কেন্দ্রে পরিণত হয়
ii. রাজনৈতিক স্বার্থরক্ষার কেন্দ্রে পরিণত হয়
iii. শাসনের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. কত সালে রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন?
(ক) ১৮২৮ (খ) ১৮২৯
(গ) ১৮৩০ (ঘ) ১৮৩১

১৮. ডিরোজিওর অনুসারীদের আন্দোলনে প্রভাবিত হয়েছিলেন কে?
(ক) রাজা রামমোহন রায়
(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) মাইকেল মধুসূদন দত্ত
(ঘ) সৈয়দ আমির আলি

১৯. বয়কট আন্দোলনের প্রধান উদ্দেশ্য ছিল—
i. দেশকে মুক্ত করা
ii. বিলেতি পণ্য বর্জন
iii. বিলেতি শিক্ষা বর্জন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. প্রীতিলতাকে কোন স্থান আক্রমণের দায়িত্ব দেওয়া হয়?
(ক) পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব
(খ) পাহাড়তলী সুপার স্টার ক্লাব
(গ) পাহাড়তলী সানমুন ক্লাব
(ঘ) পাহাড়তলী ফাইভ স্টার ক্লাব

২১. উর্দুভাষী পশ্চিম পাকিস্তানি নেতৃবৃন্দের পকেট দলে পরিণত হয়েছিল কোন দলটি?
(ক) আওয়ামী লীগ (খ) জাতীয় কংগ্রেস
(গ) মুসলিম লীগ (ঘ) কমিউনিস্ট পার্টি

২২. ছয়দফা দাবি উত্থাপনের মাধ্যমে কোন দলটি জনগণের দল হিসেবে পরিণত হয়েছিল?
(ক) কমিউনিস্ট পার্টি (খ) জাতীয় কংগ্রেস
(গ) আওয়ামী লীগ (ঘ) মুসলিম লীগ

২৩. এন.ডি.এফ এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল—
i. আওয়ামী লীগ
ii. কাউন্সিল মুসলিম লীগ
iii. নেজামে ইসলাম
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. পশ্চিম পাকিস্তান ও বাংলার মধ্যে কোন ক্ষেত্রে বৈষম্য বেশি ছিল?
(ক) ধর্মীয় (খ) ভাষায়
(গ) সামরিক (ঘ) অর্থনৈতিক

২৫. ৭ মার্চের ভাষণের অন্তর্ভুক্ত দাবি ছিল—
i. সামরিক আইন প্রত্যাহার
ii. গণহত্যার তদন্ত করা
iii. সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. টিক্কা খান কবে গণহত্যার নীলনকশা তৈরি করেন?
(ক) ৭ মার্চ (খ) ২৬ মার্চ
(গ) ২৫ মার্চ (ঘ) ১৭ মার্চ

২৭. বঙ্গবন্ধুর কৃষি পরিকল্পনায় প্রতি পরিবারের সর্বাধিক কত বিঘা পর্যন্ত জমির মালিকানা নির্ধারণ করা হয়?
(ক) ১০০ (খ) ২০০
(গ) ৩০০ (ঘ) ৪০০

২৮. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির আহ্বায়ক ছিলেন কে?
(ক) শাহ আব্দুল হামিদ (খ) মোহাম্মদ উল্লাহ
(গ) সুরঞ্জিত সেনগুপ্ত (ঘ) ড. কামাল হোসেন

২৯. জিয়াউর রহমানের সময়ে খাল খনন কর্মসূচি চালু হয় কত সালে?
(ক) ১৯৭৭ (খ) ১৯৭৮
(গ) ১৯৭৯ (ঘ) ১৯৮০

৩০. ১৯৭৮ সালের রাষ্ট্রপতি নির্বাচনে গণতান্ত্রিক ঐক্য জোটকে সমর্থন করেন—
i. আওয়ামী লীগ
ii. কমিউনিস্ট পার্টি
iii. জনতা পার্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com